গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩/২০১০/ ১৬৯১ তারিখঃ ২৬/১২/২০১৬ইং

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ ------------------------ ।

বিষয়ঃ **ই-জিপি পদ্ধতিতে দরপত্র উন্মুক্তকরণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রকিউরমেন্ট পারফরমেন্স প্রদর্শনে বিশ্বব্যাংক এবং সিপিটিউর সাথে সম্মত চুক্তি অনুযায়ী এলজিইডি ই-জিপিতে চুক্তি স্বাক্ষরের জন্য নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের কার্যক্রম সাফল্যজনকভাবে চালিয়ে যাচ্ছে। উক্ত প্রক্রিয়ায় দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র উন্মুক্তকরণ করার বাধ্যবাধকতা রয়েছে। যথার্থভাবে এই প্রক্রিয়া সম্পন্ন করার মাধ্যমে সংশ্লিষ্টদের কাজে সম্পৃক্ত হওয়ার আন্তরিকতা ও কার্য সম্পাদনের দক্ষতা সার্বিকভাবে মূল্যায়ন করা যায়। কিন্তু সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রয়োজনীয় যৌক্তিকতা ও প্রমানিক দলিল প্রদর্শন ব্যতীত নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র উন্মুক্ত না করেই দরপত্র উন্মুক্তকরণ কমিটি "Opening Date & Time Exention" এর জন্য অনুরোধ অগ্রায়িত করে যাচ্ছেন যা কোনভাবেই কাম্য নহে।

এমতাবস্থায়, দরপত্র উন্মুক্তকরণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য এবং অনিবার্য কারনে উক্ত কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে উপযুক্ত যৌক্তিকতা সন্নিবেশিত করে "Opening Date & Time Extension Request" প্রেরণের জন্য বলা হল। একই সাথে, প্রযোজ্যক্ষেত্রে,উন্মুক্তকরণ ব্যর্থ হওয়ার প্রামানিক দলিল প্রকিউরমেন্ট ইউনিটে ই-মেইল (xen.procurement@lged.gov.bd) এর মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

২৬/১২/২০১৬
(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

অনুলিপিঃ
১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,.................................অঞ্চল, জেলাঃ .......................... ।
২। প্রকল্প পরিচালক, ................................., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ................................জেলাঃ .......................... ।
৪। জনাব.......................................................সদস্য e-GP/PROMIS cell.
৫। অফিস কপি।